| ক্র:নং | **২০২২ শিক্ষাবর্ষের প্রাক-প্রাথমিক শ্রেণি, প্রাথমিক স্তর এবং ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর বিনামূল্যের পাঠ্যপুস্তক বিতরণ নির্দেশিকা** |
|---|---|
| ১. | প্রাক-প্রাথমিক শ্রেণি, প্রাথমিক স্তর এবং ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সকল ছাত্র/ছাত্রীকে প্রচলিত/বিদ্যমান শিক্ষাক্রম অনুযায়ী মুদ্রিত চার রঙে ছাপা নতুন পাঠ্যপুস্তক বিনামূল্যে প্রদান করা হবে। |
| ২. | ২০২২ শিক্ষাবর্ষে প্রাক-প্রাথমিক শ্রেণীর প্রত্যেক শিক্ষার্থীর জন্য ০১টি করে আমার বই এবং ০১টি করে অনুশীলন খাতা সরবরাহ করা হবে। |
| ৩. | জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি) কর্তৃক প্রণীত কারিকুলাম/শিক্ষাক্রম অনুসরণ করে এমন সকল প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র/ছাত্রীদের বিনামূল্যে পাঠ্যপুস্তক সরবরাহ করা হবে। এ প্রতিষ্ঠানসমূহ নিম্নরুপ:<br>ক) সরকারী প্রাথমিক বিদ্যালয়;<br>খ) সরকারী মাধ্যমিক/নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ের সংগে সংযুক্ত প্রাথমিক বিদ্যালয়;<br>গ) স্বীকৃতি প্রাপ্ত বেসরকারী মাধ্যমিক বিদ্যালয়ের সংঙ্গে সংযুক্ত প্রাথমিক বিদ্যালয়/নিম্ন মাধ্যমিক বিদ্যালয়;<br>ঘ) এনসিটিবির কারিকুলাম/শিক্ষাক্রম অনুসৃত হয় এমন সকল কিন্ডারগার্টেন;<br>ঙ) পিটিআই সংলগ্ন পরীক্ষণ বিদ্যালয়;<br>চ) শিশু কল্যাণ ট্রাস্ট পরিচালিত প্রাথমিক বিদ্যালয়;<br>ছ) কিশোর অপরাধ সংশোধন কেন্দ্রের পরিচালিত প্রাথমিক বিদ্যালয়;<br>জ) সরকারি ও স্বীকৃতি প্রাপ্ত এতিমখানা ও শিশু পরিবারে চালু প্রাথমিক বিদ্যালয়;<br>ঝ) বিদেশে অবস্থিত বাংলাদেশ মিশন কর্তৃক পরিচালিত কিংবা এনসিটিবি অনুমোদিত কারিকুলাম/শিক্ষাক্রম অনুসরণ করে এমন বিদ্যালয়;<br>ঞ) চা বাগানের ব্যবস্থাপনায় পরিচালিত প্রাথমিক বিদ্যালয়;<br>ট) বেসরকারী স্বেচ্ছা সেবী সংস্থা/এনজিও কর্তৃক উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে পরিচালিত প্রাথমিক বিদ্যালয়;<br>ঠ) সরকার কর্তৃক বাস্তবায়িত আবাসন ও আশ্রয়ন প্রকল্পের কমিউনিটি বিদ্যালয়;<br>ড) স্থানীয় সরকার প্রতিষ্ঠান (যেমন- সিটি কর্পোরেশন, জেলা পরিষদ, উপজেলা পরিষদ, পৌরসভা, ইউনিয়ন পরিষদ) কর্তৃক পরিচালিত প্রাথমিক বিদ্যালয়;<br>ঢ) সমাজ কল্যাণ অধিদপ্তর কর্তৃক পরিচালিত বিশেষ স্কুল (বিশেষতঃ প্রতিবন্ধীদের জন্য);<br>ণ) পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের অধীনস্থ চর জীবিকায়ন কর্মসূচি প্রকল্পের আওতায় পরিচালিত বিদ্যালয়;<br>ত) উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো কর্তৃক পরিচালিত শিখন কেন্দ্রসমূহ;<br>থ) এনসিটিবির কারিকুলাম/শিক্ষাক্রম অনুসরণ করে এমন সকল বিদ্যালয়। |
| ৪. | উপরে বর্ণিত প্রতিষ্ঠানসমূহ ছাড়াও যেকোন বিদ্যালয় বা শিক্ষা প্রতিষ্ঠান প্রাথমিক স্তরের শিক্ষার্থীদের জন্য বিনামূল্যে পাঠ্যপুস্তক সরবরাহের আবেদন করলে(প্রকৃত শিক্ষার্থীর সংখ্যা) প্রাথমিক শিক্ষা অধিদপ্তর যথাযথ যাচাইঅন্তে ঐ সকল শিক্ষার্থীগণের কাছেও পাঠ্যপুস্তক পৌছানোর ব্যবস্থা গ্রহণ করবে। |
| ৫. | বিদেশে অবস্থিত যেসকল বিদ্যালয় এনসিটিবি কারিকুলাম/শিক্ষাক্রম অনুসরণ করেনা এবং শুধুমাত্র একটি বা দুটি বইয়ের জন্য চাহিদা প্রেরণ করে, তাঁদেরকে অনলাইন সংস্করণ ডাউনলোড করে প্রয়োজনীয় সংখ্যক কপি করে ব্যবহার করার জন্য পরামর্শ দেয়া হবে। কোন কারণে অনলাইনে বই পাওয়া না গেলে সেক্ষেত্রে তাদেরকে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর চাহিদামত পাঠ্যপুস্তক বরাদ্দ প্রদান করবে। তবে পরিবহন খরচ সংশ্লিষ্ট দেশের বিদ্যালয়/ দুতাবাস অথবা পররাষ্ট্র মন্ত্রণালয়কে বহন করতে হবে এবং ২০ ফেব্রুয়ারী ২০২২ তারিখের মধ্যে তাদের চাহিদা পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে প্রেরণ করতে হবে। একই ভাবে ইংরেজি মাধ্যমের শিক্ষা প্রতিষ্ঠানকেও নির্ধারিত তারিখের মধ্যে চাহিদা প্রেরণ করে নিজ খরচে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের কেন্দ্রীয় গুদাম থেকে পাঠ্যপুস্তক সংগ্রহ করতে হবে। |
| ৬. | সকল পাঠ্যপুস্তকের ইলেকট্রনিক কপি জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের ওয়েবসাইটে (www.nctb.gov.bd) পাওয়া যাবে এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইটের (www.dpe.gov.bd) সাথেও লিংক থাকবে। |
| ৭ | এনসিটিবি ৩১ ডিসেম্বর ২০২১ তারিখের মধ্যে সকল পাঠ্যপুস্তক উপজেলা পর্যায়ে পৌছানো নিশ্চিত করবে। এরূপ পাঠ্যপুস্তক ডেলিভারীর ক্ষেত্রে নির্ধারিত চালান ফরম ব্যবহার করতে হবে। |
| ৮. | প্রাক-প্রাথমিক শ্রেণি, প্রাথমিক স্তর এবং ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর পাঠ্যপুস্তক সরবরাহ ও বিতরণের জন্য পৃথক চালান ব্যবহার করতে হবে। |

নাজমা শেখ
উপ-সচিব
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

| | |
|---|---|
| ৯. | পাঠ্যপুস্তক বিতরণের পূর্বে প্রত্যেকটি পাঠ্যপুস্তকে সংশ্লিষ্ট উপজেলা/থানা শিক্ষা অফিস ও বিদ্যালয়ের সীল দিতে হবে। উপজেলা/থানা শিক্ষা অফিসের সীল পাঠ্যপুস্তকের কভারে এবং বিদ্যালয়েরসীল পাঠ্যপুস্তকের ২য়/৩য় পৃষ্ঠায় ব্যবহার করতে হবে। সীলে 'বিনামূল্যে বিতরণকৃত' কথাগুলো উল্লেখ থাকতে হবে। |
| ১০ | পাঠ্যপুস্তক গ্রহণকারী শিক্ষার্থীর পিতা/মাতা/অভিভাবকের কাছ থেকে বিদ্যালয় কর্তৃক প্রাপ্তি স্বীকার পত্রে স্বাক্ষর গ্রহণ করতে হবে। |
| ১১. | বেসরকারী স্বেচ্ছা সেবী প্রতিষ্ঠানের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী কর্তৃক লেটার হেড প্যাডে প্রত্যয়নের মাধ্যমে ক্ষমতা প্রদত্ত প্রধান শিক্ষকের নিকট বই হস্তান্তর করতে হবে। অন্য কারও প্রত্যয়ন গ্রহণযোগ্য হবেনা এবং ক্ষমতা প্রাপ্ত প্রধান শিক্ষক ছাড়া অন্যকার ও নিকট বই প্রদান করা যাবেনা। |
| ১২. | মুজিব বর্ষ উপলক্ষে বিশেষ লোগো যুক্ত পাঠ্যপুস্তক সরবরাহ করা হবে। |
| ১৩. | বিভাগের বাফার স্টক/উপজেলা/থানার উদ্বৃত্ত পাঠ্যপুস্তক থেকে নিম্নোক্ত প্রতিষ্ঠানসমূহে প্রাক-প্রাথমিক শ্রেণি এবং প্রাথমিক স্তরের বাংলা ভার্সনের পাঠ্যপুস্তক সরবরাহ করতে হবে। একইভাবে, জেলা/উপজেলা/থানার উদ্বৃত্ত পাঠ্যপুস্তক থেকে প্রাথমিক স্তরের ইংরেজী ভার্সনের পাঠ্যপুস্তক সরবরাহ করতে হবে। |

| দপ্তর | স্তর | | সেট |
|---|---|---|---|
| | বাংলা ভার্সন | ইংরেজী ভার্সন | |
| এনসিটিবি | - | প্রাথমিক স্তর | ৫০ |
| নেপ | প্রাথমিক স্তর | - | ৩০ |
| | - | প্রাথমিক স্তর | ০৫ |
| প্রতিটি পিটিআই | প্রাক-প্রাথমিক | - | ৫০ |
| | প্রাথমিক স্তর | - | ৫০ |
| | - | প্রাথমিক স্তর | ০৫ |
| প্রতিটি ইউআরসি | প্রাথমিক স্তর | - | ৩০ |
| | - | প্রাথমিক স্তর | ০১ |

| | |
|---|---|
| ১৪. | বৌদ্ধ ধর্ম ও নৈতিক শিক্ষা এবং খ্রিস্টান ধর্ম ও নৈতিক শিক্ষা নামীয় পাঠ্যপুস্তক জেলা পর্যায়ে সরবরাহ করা হবে এবং উপজেলাগুলো প্রয়োজন অনুযায়ী সেখান থেকে সরবরাহ গ্রহণ করবে। |
| ১৫. | ইংরেজী ভার্সনের পাঠ্যপুস্তক জেলায় সরবরাহ করা হবে এবং উপজেলাগুলো বরাদ্দ অনুযায়ী সেখানে থেকে সরবরাহ গ্রহণ করবে। |
| ১৬. | ২০২২ শিক্ষাবর্ষে মুজিববর্ষ উপলক্ষে লোগোযুক্ত সম্পূর্ণ নতুন পাঠ্যপুস্তক সরবরাহ করা হবে বিধায় কোন অবস্থাতেই ২০২১ শিক্ষাবর্ষের প্রাক-প্রাথমিক শ্রেণি, প্রাথমিক স্তর (বাংলা ও ইংরেজি ভার্সন) এবং নৃ-গোষ্ঠীর উদ্বৃত্ত পঠন-পাঠন সামগ্রী/পাঠ্যপুস্তক সরবরাহ/বিতরণ করা যাবেনা। |
| ১৭. | পাঠ্যপুস্তকগ্রহণ, বিতরণ এবং উদ্বৃত্ত পাঠ্যপুস্তকের হিসাব রেজিষ্টারে লিপিবদ্ধ করতে হবে। |
| ১৮. | ৩১ জানুয়ারি ২০২২ তারিখের মধ্যে সকল শিক্ষার্থীর মধ্যে ১০০% পাঠ্যপুস্তক বিতরণ সম্পন্ন করতে হবে এবং নির্ধারিত অনলাইন সফটওয়ারে পাঠ্যপুস্তক বিতরণ সম্পন্ন হওয়া সম্পর্কিত যাবতীয় তথ্য এন্ট্রি দিতে হবে। |
| ১৯. | অতঃপর ২৮ ফেব্রুয়ারী, ২০২২ তারিখের মধ্যে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীর সংখ্যা ঐ সফটওয়ারে সঠিকভাবে এন্ট্রি করতে হবে এবং কেবল মাত্র ঐ তথ্যের ভিত্তিতেই পরবর্তী বছরে পাঠ্যপুস্তকের সম্ভাব্য চাহিদা নিরূপণ করা হবে।উল্লেখ্যে, এভাবে এন্ট্রিকৃত ছাত্র-ছাত্রীর সংখ্যা সর্বক্ষেত্রে ব্যবহার করা হবে। |
| ২০. | এনসিটিবি মূল্যের বিনিময়ে প্রাক-প্রাথমিক, প্রাথমিক স্তর এবং ক্ষু দ্রনৃ-গোষ্ঠীর কোন পাঠ্যপুস্তক মুদ্রণ ও বিতরণ করবে না। |
| ২১. | জরুরি প্রয়োজন মিটানোর জন্য প্রাক-প্রাথমিক শ্রেণি এবং প্রাথমিক স্তরের (বাংলা ভার্সনের) পাঠ্যপুস্তক সকল বিভাগীয় বাফার স্টকে মোট চাহিদার ১% সংরক্ষণ করতে হবে।উল্লেখ্য ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর পাঠ্যপুস্তক ৫% হারে বিভাগীয় বাফার স্টকে সংরক্ষণ করতে হবে। |
| ২২. | রিপিটার ছাত্র/ছাত্রীদের মাঝে পাঠ্যপুস্তক বিতরণ করা যাবে। |
| ২৩. | বিনামুল্যের প্রাক-প্রাথমিক শ্রেণি, প্রাথমিক স্তর এবং ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর পঠন-পাঠন/পাঠ্যপুস্তক বিক্রির অভিযোগ পাওয়া গেলে সংশ্লিষ্ট কর্মকর্তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে। |
| ২৪. | ২০২২ শিক্ষাবর্ষে ৫টি ক্ষুদ্র ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর ভাষায় প্রাক-প্রাথমিক টিচিং প্যাকেজ ও ১ম-২য় শ্রেণির পাঠ্যপুস্তক সরবরাহ করা হবে। ৩য় শ্রেণির শুধুমাত্র বাংলা বিষয়ের পাঠ্যপুস্তক সরবরাহ করা হবে। |

নাজমা শেখ
উপ-সচিব
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

| | |
|---|---|
| ২৫. | এ নির্দেশিকার বিষয়ে যেকোন ব্যাখ্যা বা স্পষ্টিকরণ প্রদান কেবল মাত্র প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রণালয়ের এখতিয়ারাধীন হবে। |
| ২৬. | বই বিতরণের সময় সামাজিক/শারীরিক দূরত্ব বাজায় রেখে সকল স্বাস্থ্যবিধি অনুসরণ করতে হবে। |
| ২৭. | প্রধানমন্ত্রীর কার্যলয়, মন্ত্রিপরিষদ বিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়, স্বাস্থ্যসেবা বিভাগ, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক সময়ে সময়ে জারীকৃত নির্দেশনা ও অনুশাসনসমূহ মেনে চলতে হবে। |
| ২৮. | No Mask, No Service নীতি অনুসরণ করতে হবে। শিক্ষক, শিক্ষার্থী এবং অভিভাবক এবং উপস্থিত সকলকেই Mask পরিহিত অবস্থায় বিদ্যালয়ে আসতে হবে। |

নাজমা শেখ
উপ-সচিব
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার